

প্রেস বিজ্ঞপ্তি

তারিখ: ২১/১১/২০১৯

বরাবর

বার্তা সম্পাদক/প্রধান প্রতিবেদক/এসাইনমেন্ট অফিসার

জনাব

শুভেচ্ছা জানবেন!

সকল শ্রেণি-পেশা নির্বিশেষে নারীর অধিকার ও মর্যাদা প্রতিষ্ঠার লক্ষ্যে ‘কর্মজীবী নারী’ ১৯৯১ সাল থেকে নারী ও নারীশ্রমিকের ক্ষমতায়নের প্রচেষ্টার মধ্য দিয়ে নারীর মর্যাদা বৃদ্ধি এবং জাতীয় অগ্রগতিতে নারীর অবদান রাখার বিষয়ে বিভিন্ন কার্যক্রম চালিয়ে আসছে।

আপনারা জানেন, আগামী ২৫ নভেম্বর থেকে ১০ ডিসেম্বর আন্তর্জাতিকভাবে নারীর প্রতি সহিংসতা প্রতিরোধ পক্ষ ২০১৯ উদ্‌যাপিত হবে। ‘কর্মজীবী নারী’ প্রতিবছরের ন্যায় এবারও এই দিবস পালনের সিদ্ধান্ত নিয়েছে। আমরা জানি, ২৪ নভেম্বর তাজরীন দিবস বাংলাদেশের পোশাক শিল্পে এক ভয়াবহ অধ্যায়। ‘কর্মজীবী নারী’ এই দিবসকে স্মরণ করে “কর্মজোড়ে, গৃহে ও সমাজে নারী সহিংসতা প্রতিরোধে জোট বাঁধ, তৈরী হও!” এই প্রতিপাদ্যকে সামনে রেখে আগামী ২২ নভেম্বর ২০১৯ শুক্রবার, বিকাল ৩ টায় মিরপুর-১৩ এর ৪ নং ওয়ার্ড কমিউনিটি সেন্টার চত্বরে ‘নারীশ্রমিক জমায়েত ও সাংস্কৃতিক অনুষ্ঠানের’ আয়োজন করতে যাচ্ছে। অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন কর্মজীবী নারী’র সহ-সভাপতি উম্মে হাসান ঝলমল এবং প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন কর্মজীবী নারী’র প্রতিষ্ঠাতা শিরীন আখতার এমপি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন ঢাকা উত্তরের প্যানেল মেয়র ও ৪ নং ওয়ার্ড কাউন্সিলর আলহাজ্ব মো: জামাল মোস্তফা, ৮ নং ওয়ার্ড কাউন্সিলর কাজী টিপু সুলতান, ১২ নং ওয়ার্ড কাউন্সিলর মো: ইকবাল হোসেন তিতু, ১৬ নং ওয়ার্ড কাউন্সিলর মো: মতিউর রহমান মোল্লা, কাফরুল খানার অফিসার ইনচার্জ মো: সেলিমুজ্জামান এবং ভাষানটেক থানার অফিসার ইনচার্জ মুন্সি সাব্বির আহমেদ। সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত থাকবেন ঢাকা মহানগরের বাংলাদেশ মহিলা আওয়ামী লীগ এর সাংগঠনিক সম্পাদক রোকেয়া জামাল এবং বাংলাদেশ মহিলা শ্রমিক লীগ এর সেক্রেটারি কাজী রহিমা আক্তার সাথী। এছাড়াও উক্ত অনুষ্ঠানে, উন্নয়ন সংগঠন, নারী সংগঠন ও শ্রমিক সংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত থাকবেন।


অনুষ্ঠান : নারীশ্রমিক জমায়েত ও সাংস্কৃতিক অনুষ্ঠান

বিষয় : কর্মজোড়ে, গৃহে ও সমাজে নারী সহিংসতা প্রতিরোধে জোট বাঁধ, তৈরী হও!

তারিখ, সময় ও স্থান: ২২ নভেম্বর ২০১৯, শুক্রবার; বিকাল ৩ টায়
৪ নং ওয়ার্ড কমিউনিটি সেন্টার চত্বর, মিরপুর-১৩।

অনুগ্রহপূর্বক উক্ত আয়োজনে আপনার বহুল প্রচারিত জাতীয় দৈনিক / দর্শক নন্দিত টেলিভিশন চ্যানেল / বার্তা সংস্থার পক্ষ থেকে একজন প্রতিবেদক ও একজন চিত্র সাংবাদিক / ক্যামেরা ক্রু পাঠানোর অনুরোধ করছি।

বার্তা প্রেরক



সানজিদা সুলতানা

পরিচালক, কর্মজীবী নারী

যোগাযোগ: আল-জাহিদ; মোবাইল: ০১৬৮৬১৬০৬২৯

KarmojibiNari: Green Avenue Park, House-01, Apartment B8, Road-03, Block-A, Section-06, Mirpur, Dhaka-1216